66

দৈনিক ইত্তেফাক

তারিখ 14 APR 1996
পৃষ্ঠা ৩ কলাম ৬

কৃষি বিশ্ববিদ্যালয়

## ৮ জন শিক্ষককে চাকুরী হইতে অপসারণ

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ সম্প্রতি কৃষি বিশ্ববিদ্যালয়ের ৮ জন শিক্ষককে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ চাকুরী হইতে অপসারণ করিয়াছে। ছুটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর বার বার নোটিস দেওয়া সত্ত্বেও চাকুরীতে যোগদান না করায় এই শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়। আরও দুইজন শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হইতেছে বলিয়া সংশ্লিষ্টসূত্রে

( ৮ম পৃঃ দ্রঃ )

## কৃষি বিশ্ববিদ্যালয়

(৩য় পৃঃ পর)

জানা যায়। এই শিক্ষকগণ পিএইচডি, পোষ্ট পিএইচডি এবং বৃত্তিমূলক উচ্চ শিক্ষার্থে বিদেশে গিয়া অতিরিক্ত সময় অবস্থান করায় এই শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়।

বর্তমানে প্রায় ৫০ জন শিক্ষক উচ্চ শিক্ষার্থে বিদেশে অবস্থান করিতেছেন। সব সময় প্রায় ৪০-৭০ জন শিক্ষক বিদেশে উচ্চ শিক্ষার্থে এবং দেশে বিভিন্ন প্রতিষ্ঠানে কনসালটেন্সসহ বিভিন্ন পদে চাকুরীর জন্য ছুটিতে থাকেন। এইজন্য মাঝে মাঝে কোন কোন বিভাগে শিক্ষক সংকট দেখা দেয়। উল্লেখ্য, একজন শিক্ষক উচ্চ শিক্ষার জন্য সর্বোচ্চ ৬ বৎসর ছুটি কাটাইতে পারেন। এই সময় তাঁহারা বিশ্ববিদ্যালয় হইতে বেতন পান।

উক্ত ৮ জন শিক্ষকের নাম পদবী এবং পরিচয় জানাইতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অস্বীকার করেন।

বিদেশে অবস্থান করা শিক্ষকদের প্রায়ই ছুটির মেয়াদ উত্তীর্ণ হয় বলিয়া চাকুরীতে যোগদানের জন্য নোটিস দিতে হয়।